নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বাহনে চড়ে হজ সমাধা করেন। আর ঐ বাহনটিই ছিল প্রয়োজনীয় যাবতীয় সাজ-সরঞ্জামের বাহক।

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বাহনে চড়ে হজ্জ সমাধা করেন। আর ঐ বাহনটিই ছিল প্রয়োজনীয় যাবতীয় সাজ-সরঞ্জামের বাহক।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ‘মাহমাল’ বিহীন (বসার গদি ছাড়াই) উটের পিঠে চড়ে হজ পালন করেছেন। উটের উপর রাখার গদিকে ‘মাহমাল’ বলা হয়। খাদ্য-পানীয় ও আসবাব-পত্র বহন করার তার দ্বিতীয় কোনো উট ছিল না। বিষয়টি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দুনিয়ার প্রতি অনাসক্তি ও স্বল্প পরিমাণ গ্রহণের প্রমাণ বহণ করে। তবে হাদীসটি দ্বারা হজে আরামদায়ক ও উন্নত যান-বাহন ব্যবহার করা হারাম হওয়ারর প্রমাণ বহন করে না। যদিও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাতের অনুসরণ করে হজের মধ্যে ভোগ-বিলাস ও আরাম-আয়েশ কম করাই উত্তম।

https://sunnah.global/hadeeth/bn/show/2751